

১. যেকোনো ১টি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা কর: ১০

(ক) একুশে বইমেলা

(খ) পরিবেশ দূষণ

২. দরিদ্র তহবিল থেকে আর্থিক সাহায্য মঞ্জুরের জন্য প্রধান শিক্ষকের নিকট আবেদনপত্র লেখ। ১০

অথবা, এলাকায় আর্সেনিকমুক্ত পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য পৌর মেয়রের কাছে একখানা দরখাস্ত লেখ।

৩. সারাংশ লেখ : ১০

ক্রোধ মানুষের পরম শত্রু। ক্রোধ মানুষের মনুষ্যত্ব নাশ করে। যে লোমহর্ষক কাণ্ডগুলো পৃথিবীকে নরকে পরিণত করিয়াছে, তাহার মূলেও রহিয়াছে ক্রোধ। ক্রোধ যে মানুষকে পশুভাবাপন্ন করে, তাহা একবার ক্রুদ্ধ ব্যক্তির মুখের প্রতি দৃষ্টিপাত করিলেই স্পষ্ট প্রতীয়মান হয়। যে ব্যক্তির মুখখানা সর্বদা হাসিমাখা, উদারতায় পরিপূর্ণ, দেখিলেই তোমার মনে আনন্দ ধরে না, একবার ক্রোধের সময় সেই মুখখানির দিকে তাকাও; দেখিবে, সেই স্বর্গের সুষমা আর নাই— নরকাগ্নিতে বিকট রূপ ধারণ করিয়াছে। সমস্ত মুখ কী এক কালিমায় ঢাকিয়া গিয়াছে। তখন তাহাকে আলিঙ্গান করা দূরে থাকুক, তাহার নিকটে যাইতেও ইচ্ছা হয় না। সুন্দরকে মুহূর্তের মধ্যে কুৎসিত করিতে অন্য কোনো রিপু ক্রোধের ন্যায় কার্যকর হয় না।

অথবা, (খ) সারমর্ম লেখ :

বহুদিন ধরে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়াছি পর্বতমালা
দেখিতে গিয়াছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপরে
একটি শিশির বিন্দু।

৪. ভাব-সম্প্রসারণ কর : (১টি) ১০
(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।
(খ) জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর।
৫. প্রতিবেদন প্রণয়ন কর : (১টি) ১০
(ক) তোমাদের বিদ্যালয়ের বার্ষিক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।
(খ) তোমাদের এলাকায় বিদ্যুৎ বিভ্রাট ও লোডশেডিং বিষয়ে একটি প্রতিবেদন তৈরি কর।
৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) মানবকল্যাণে বিজ্ঞান;
(খ) শ্রমের মর্যাদা;
(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

Teachingbd.com

/বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. বিভক্তিহীন নামশব্দকে কী বলে?
ক) প্রাতিপদিক খ) বিদেশি শব্দ
গ) দেশি শব্দ ঘ) সাধিত শব্দ
২. কোনটি পারিভাষিক শব্দ?
ক) বালতি খ) বেতার
গ) বৈষ্ণব ঘ) ঢাক
৩. গিন্নী কোন ধরনের শব্দ?
ক) বিদেশি খ) তৎসম
গ) অর্ধতৎসম ঘ) দেশি
৪. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক) শব্দতত্ত্ব খ) ভাষাতত্ত্ব
গ) রূপতত্ত্ব ঘ) ধ্বনিতত্ত্ব
৫. 'এ পথে চলা যায় না'— কোন বাচ্যের উদাহরণ?
ক) ভাববাচ্য খ) কর্মকর্ত্ববাচ্য
গ) কর্ত্ববাচ্য ঘ) কর্মবাচ্য
৬. বিদেশি ধাতু কোনটি?
ক) রাখ্ খ) টান্
গ) কর্ ঘ) গম্
৭. র-কোন ধ্বনি?
ক) কম্পনজাত খ) শিষ
গ) তাড়নজাত ঘ) স্পর্শ
৮. বাক্স > বাস্ক ধ্বনি পরিবর্তনের কোন সূত্র অনুযায়ী হয়েছে?
ক) আদি স্বরাগম খ) প্রগত সমীভবন
গ) ধ্বনি বিপর্যয় ঘ) বিষমীভবন
৯. ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক) বালিকা খ) চাচী
গ) মালিকা ঘ) নবীনা
১০. 'অনুভূতিজাত' ধ্বন্যাত্মক দ্বিবৃত্ত শব্দ কোনটি?
ক) মিউমিউ খ) টুপটাপ
গ) সাঁ সাঁ ঘ) বিমবিম
১১. তারিখবাচক সংখ্যা কোনটি?
ক) ষোড়শ খ) পঞ্চম
গ) ৭ ঘ) পনেরই
১২. 'দাম' বহুবচনবাচক শব্দাংশটি কোন শব্দের সঙ্গে মানানসই?
ক) তারা খ) বৃষ্টি
গ) সাগর ঘ) শৈবাল
১৩. নিত্য সমাস কোনটি?
ক) অপব্যয় খ) বাগদত্তা
গ) দেশান্তর ঘ) বনজ
১৪. 'উত্তম' অর্থে 'সু' উপসর্গের ব্যবহার কোনটি?
ক) সুতীক্ষ্ণ খ) সুনীল
গ) সুলভ ঘ) সুচতুর
১৫. উক্তি কত প্রকার?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ
১৬. 'জয়' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক) জি + অল খ) জয় + অ
গ) জি + অয় ঘ) জ + অয়
১৭. 'চোর' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত হলে কী অর্থ প্রকাশ পায়?
ক) শ্রম্ভা খ) সাদৃশ্য
গ) অবজ্ঞা ঘ) সামীপ্য
১৮. কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?
ক) শ্রেণি খ) পর্বত
গ) মানুষ ঘ) মাটি
১৯. 'যত্ন করলে রত্ন মিলে' এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?
ক) সমাপিকা খ) অসমাপিকা
গ) দ্বিকর্মক ঘ) অনুক্ত
২০. 'সন্ধ্যায় সূর্য অস্ত গেল'— বাক্যটি কোন বর্তমান কালের উদাহরণ?
ক) ঘটমান খ) সাধারণ
গ) পুরাঘটিত ঘ) নিত্যবৃত্ত
২১. 'আমার আর থাকে উঠল না'— বাক্যটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) সম্ভাবনা খ) প্রকাশ
গ) ধারাবাহিকতা ঘ) অবস্থান
২২. 'একটা গান শোনাও'— এ বাক্যে ক্রিয়াপদটি কোন অনুজ্ঞাভাব প্রকাশ করেছে?
ক) আদেশ খ) উপদেশ
গ) অনুরোধ ঘ) প্রার্থনা
২৩. 'উঁচা' ধাতুর আদিগণভুক্ত ধাতু কোনটি?
ক) ঝিমা খ) দৌড়া
গ) ঘুরা ঘ) খোঁচা
২৪. সম্বোধনের পরে কোন বিরামচিহ্ন বসে?
ক) দাঁড়ি খ) কোলন
গ) বিস্ময় ঘ) কমা
২৫. "মনে পড়ে সেই জ্যেষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন"— নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
ক) অপাদানে শূন্য খ) কর্মে শূন্য
গ) করণে শূন্য ঘ) করণে যস্টী
২৬. 'নিমেষ তরে ইচ্ছা করে বিকট উল্লাসে।'— বাক্যে অনুসর্গ কোনটি?
ক) নিমেষ খ) বিকট
গ) তরে ঘ) ইচ্ছা
২৭. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'— তাঁকে এক কথায় কী বলে?
ক) ইতিহাস স্রষ্টা খ) ইতিহাসবেত্তা
গ) ঐতিহাসিক ঘ) ইতিহাস রচয়িতা
২৮. 'জ্ঞানী লোক সকলের শ্রম্ভা পান'— কোন ধরনের বাক্য?
ক) জটিল খ) যৌগিক
গ) মিশ্র ঘ) সরল
২৯. 'বিড়াল তপস্বী' কথার অর্থ কী?
ক) অযথাই শ্রম খ) বিভাজন
গ) কপট সাধু ঘ) তুলনা
৩০. 'কোকিল'-এর সমার্থক কোনটি?
ক) পিক খ) পাখি
গ) অর্ণব ঘ) অহি

১	ক	২	খ	৩	গ	৪	ঘ	৫	ক	৬	খ	৭	ক	৮	গ	৯	গ	১০	ঘ	১১	ঘ	১২	ঘ	১৩	গ	১৪	খ	১৫	ক
১৬	ক	১৭	গ	১৮	ক	১৯	ঘ	২০	গ	২১	ক	২২	গ	২৩	গ	২৪	ঘ	২৫	ক	২৬	গ	২৭	ঘ	২৮	ঘ	২৯	গ	৩০	ক